## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি/২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ১১/০১/২০২৪ খ্রিঃ
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

উপস্থিতি সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'ক'
অনুপস্থিতি সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'খ'

উপস্থিত সকল সদস্যগণকে ৭ই জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ সুষ্ঠু, শান্তি শৃঙ্খলভাবে সম্পন্ন হওয়ায় ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সুন্দরগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে মর্মে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অত:পর সভাপতি জনাব মোঃ তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা, বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী/ সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরনপূর্বক আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করা হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা সভায় জানান, সুন্দরগঞ্জ থানায় ডিসেম্বর ২০২৩ মাসে ২২ টি মামলা রুজু হয়েছে। নভেম্বর ২০২৩ মাসে মামলার সংখ্যা ছিল ১৯ টি। গত মাসের তুলনায় ৩ টি মামলা বেশি দায়ের হয়েছে। তিনি বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় একটি সুন্দর-সুষ্ঠ শান্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করা হয়েছে। এবারের নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য সর্বচ্ছ আইন শৃঙ্খলা বাহিনী মোতায়েন করায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। তিনি আরো বলেন, অন্যান্য সময়ের চেয়ে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে নির্বাচন পরবর্তীতে যাতে কোন পক্ষ দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টির উদ্দেশে কোন কার্যক্রম করতে না পারে সে জন্য সংশ্লিষ্ট সকলকে সর্তক থাকার পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরো বলেন, এ উপজেলায় যত্রতত্র মাঠি কাটা হচ্ছে, তাতে জমির পরিবেশের ক্ষতি হচ্ছে। কাকড়া চলাচলে রাস্তার ব্যাপক ক্ষতি হচ্ছে, সড়ক দুর্ঘটনার হার বৃদ্ধি পাচ্ছে। এসব নিয়ন্ত্রণ করা জরুরী বলে তিনি মত প্রকাশ করেন।<br><br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে এ উপজেলায় সন্ত্রাশ-নাশকতার ঘটনা দেখা যায়নি। নির্বাচনী কেন্দ্রসমূহে দায়িত্বরত প্রিজাইডিং অফিসারগণ নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করছেন। এজন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, শান্তিরাম ইউনিয়নের মজুমদার হাট-বাজারে রাস্তার উপরে কাচা বাজার লাগানো হয়। তাতে রাস্তায় যানজটের সৃষ্ঠি হয়। উক্ত যানজট নিরসনে সভাপতি মহোদয়ের সু-দৃষ্টি কামনা করেন। তিনি বলেন, বর্তমানে শীত মৌসুমে গ্রাম গঞ্জে ধর্ম সভার আয়োজনের প্রস্তুতি চলছে। তাবে ধর্মসভা করে যাতে কেউ সামপ্রদায়িক কোন দাঙ্গা সৃষ্টি করতে না পারে সে জন্য সর্বদা সজাগ থাকার পরামর্শ প্রদান করেন।<br>চেয়ারম্যান, সর্বানন্দ, তার ইউনিয়নে জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জানান।<br>সভাপতি নব নির্বাচিত জাতীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানান, তিনি বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণভাবে সমাপ্ত করা হয়েছে এ জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এমপি মহোদয়ের সদয় সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভিন্ন অপরাধপ্রবণ ও জনগুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br><br>২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের অপরাধপ্রর্বণ এলাকায় গ্রাম পুলিশ মোতায়েন করবেন।<br><br>৩। গ্রাম আদালত পরিচালনা করে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রশাসান, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br><br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br><br>৩। চেয়ারম্যান, (সকল) ইউপি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| বিভিন্ন অপরাধ চিত্র | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা ডিসেম্বর ২০২৩ মাসে দায়েরকৃত মামলার তথ্যাদি উপস্থান করেন যা নিম্নরুপঃ | | |

| নারী শিশু নির্যাতন | | | খুন | ডাকাতি /দস্যুতা | চুরি/সিধেল চুরি | মাদক | চোরা চালান | বিশেষ ক্ষমতা আইনের মামলা | অস্ত্র | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধর্ষণ | অপহরণ | অন্যান্য | | | | | | | | | |
| - | - | ০৪ | - | - | - | ০২ | - | - | - | ১৬ | ২২ |

গ্রাম আদালতের ডিসেম্বর ২০২৩ মাসের দায়ের ও নিস্পত্তিকৃত মামলার তথ্যাদি নিম্নরুপঃ

| ইউপির নাম | পূর্বের অপেক্ষমান মামলার সংখ্যা | দায়েরকৃত মামলার সংখ্যা | উচ্চ আদালত থেকে প্রাপ্ত মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা (৩+৪+৫) | নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | বাতিল ও উচ্চ আদালতে প্রেরীত মামলার সংখ্যা | মোট নিস্পত্তিকৃত (৭+৮) মামলার সংখ্যা | বর্তমানে অপেক্ষমান মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বামনডাঙ্গা | ২ | ২ | ০ | ৪ | ৪ | ০ | ৪ | ০ |
| সোনারায় | ১ | ২ | ০ | ৩ | ২ | ০ | ২ | ১ |
| তারাপুর | ৭ | ০ | ০ | ৭ | ০ | ০ | ০ | ৭ |
| বেলকা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| দহবন্দ | ১১ | ০ | ০ | ১১ | ০ | ০ | ০ | ১১ |
| সর্বানন্দ | ৩ | ৩ | ০ | ৬ | ৪ | ০ | ৪ | ২ |
| রামজীবন | ১ | ১ | ০ | ২ | ২ | ০ | ২ | ০ |
| ধোপাডাঙ্গা | ৪ | ১ | ০ | ৫ | ২ | ০ | ২ | ৩ |
| ছাপড়হাটী | ১৩ | ৩ | ০ | ১৬ | ৩ | ০ | ৩ | ১৩ |
| শান্তিরাম | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| হরিপুর | ৭ | ৪ | ০ | ১১ | ৩ | ০ | ৩ | ৮ |
| কঞ্চিবাড়ী | ৭ | ৩ | ০ | ১০ | ৪ | ০ | ৪ | ৬ |
| শ্রীপুর | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ |
| চন্ডিপুর | ১৪ | ১১ | ০ | ২৫ | ৮ | ০ | ৮ | ১৭ |
| কাপাসিয়া | ২ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ২ |
| মোটঃ | ৭৩ | ৩০ | ০ | ১০৩ | ৩২ | ০ | ৩২ | ৭১ |

| | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সভাপতি, গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিস্পত্তির উপর গুরুত্বারোপ করেন। সভাপতি বলেন, গ্রাম আদালত পরিচালনার বিষয়ে সপ্তাহের প্রতি সোমবার ও বুধবার বাধ্যতামূলকভাবে গ্রাম আদালত পরিচালনা করার জন্য জেলা প্রশাসক, মহোদয় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় নির্দেশনা প্রদান করেছেন। তিনি ইউনিয়ন পরিষদ গ্রাম আদালতে মামলা দায়ের নিস্পত্তি ও পেন্ডিং মামলার তথ্য প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসে প্রেরনের নির্দেশনা প্রদান করেন। | | ১। গ্রাম আদালত পরিচালনার জন্য প্রতি সপ্তাহে সুনির্দিষ্ট দিন সোমবার ও বুধবার নির্ধারণ করে আদেশ জারি করতে হবে এবং সে অনুযায়ী গ্রাম আদালত পরিচালনার শিডিউল প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ইভটিজিং/অপহরণ সংক্রান্ত আলেচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা উল্লেখ করেন যে, চলতি মাসে এ উপজেলায় অপহরণ সংক্রান্ত কোন মামলা দায়ের হয় নাই। উপজেলায় কোথাও ইভটিজিংয়ের তথ্য পাওয়া গেলে তা তাৎক্ষনিণকভাবে প্রতিরোধের ব্যবস্থা নেয়া হবে। | উপজেলায় ইভটিজিং ও অপহরণ সংক্রান্ত ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা। |
| চুরি/ডাকাতি | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা সভায় বলেন, চলতি মাসে এ উপজেলায় চুরির মামলা দায়ের হয়নি।<br>উপজেলা শিক্ষা অফিসারের অনুপস্থিতে তার প্রতিনিধি জনাব মো: মুকুল চন্দ্র বর্মন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, জানান, জিগাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ও দক্ষিন মরুয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নৈশ্য প্রহরী না থাকায় প্রতিষ্টানের ব্যাটারি চুরি হয়েছে। এছাড়াও বেকাটারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টিউবওয়েল চুরি হয়েছে। বিষয়টি অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানাকে অবগত করেন।<br>প্রতিনিধি, আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, বলেন, তার স্কুলের খেলার মাঠের বাউন্ডারি ওয়াল না থাকায় কিছু বখাটে ছেলে মেয়েদের বিরক্ত করেন। তারা প্রায়:শই সাধারণ মানুষকে হয়রানি করেন এবং নেশার টাকা জুগাতে চাদাবাজি করেন। যা বন্ধে দ্রুত প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।<br>সভাপতি, শিক্ষা প্রতিষ্ঠানে চুরিরোধে নৈশ্য প্রহরীদের সজাগ থাকাসহ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নৈশ্য প্রহরী নেই সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজ দায়িত্বে নিজস্ব অর্থায়নে নৈশ্য প্রহরী রাখার জন্য শিক্ষা প্রতিস্টান প্রধানগণকে পরামর্শ প্রদান করেন। | ১। উপজেলায় চুরি রোধে পৌরশহরসহ গুরুত্বপূর্ণ স্থানসমূহে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br>২। গ্রাম অঞ্চলে চুরি-ডাকাতি রোধে গ্রাম পুলিশের টহল বৃদ্ধি করতে হবে।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠানে চুরিরোধে নৈশ্য প্রহরীদের সজাগ থাকতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নৈশ্য প্রহরী নেই সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নৈশ্য প্রহরী রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br>৪। চেয়ারম্যান (সকল) ইউপি।<br>৫। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| জুয়া | অফিসার ইনচার্জ, সভায় জানান, গত মাসে জুয়া আইনে কোন মামলা হয়নি। এ উপজেলায় জুয়া খেলা কমে গেছে। প্রকাশ্যে কোন জুয়া খেলা হয় না। গ্রামগঞ্জে কোথাও কোন জুয়া খেলা হলে তা অবগত করা হলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেয়া হয়।<br>সভাপতি দূর্নীতি প্রতিরোধ কমিটি: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে এ উপজেলায় সন্ত্রাশ-নাশকতার ঘটনা দেখা যায়নি। সুষ্ঠ-সুন্দর ও শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। এজন তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, চর অঞ্চলে প্যান্ডেল সাজিয়ে ঝুমুর নিত্য অনুষ্ঠান করে জুয়া খেলা প্রচলন থাকলেও এবারে কোথায় দেখা যায়নি। | ১। উপজেলার সর্বত্র জুয়া খেলা বন্ধে অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২। গ্রাম এবং চরঅঞ্চলে ঝুমুর নিত্য ও জুয়ারোধে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br><br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br><br>৩। চেয়ারম্যান (সকল) ইউপি। |
| মাদকদ্রব্য সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা সভায় বলেন, দেশে মাদক বিরোধী অভিযান চলমান। চলতি মাসে থানায় মাদক সংক্রান্ত ০২টি মামলা দায়ের হয়েছে। মাদক নিয়ন্ত্রণের অভিযান অব্যাহত থাকায় মাদক সেবন ও বিক্রয় কমে গেছে। তবে সুনিদৃষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে অভিযান পরিচালনা করা হবে।<br>মোঃ জাহাঙ্গীর আলম, সাধারন সম্পাদক, পৌর আওয়ামীলীগ,সভায় বলেন,দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো। তবে মাদক প্রতিরোধে অভিযান পরিচালনা করা জরুরী। | মাদকের ব্যবহার, ক্রয় ও বিক্রয় রোধে অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রশাসন<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা। |
| বাল্যবিবাহ সম্পর্কিত আলোচনা | সভাপতি জানান যে, উপজেলায় বাল্যবিবাহ রোধে তৎপরতা অব্যাহত আছে। তবে বাল্যবিবাহ রোধে অভিযান করার সময় মহিলা বিষয়কের কোন সহযোগিতা পাওয়া যায়না। তিনি বলেন কোন ইউনিয়নে বাল্যবিবাহ হলে চেয়ারম্যান যাথে দ্রুত তথ্য প্রদানসহ পাড়া মহল্লা থেকে বাল্যবিবাহ অনুষ্ঠিত হওয়ার তথ্য উপজেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার অনুরোধ করেন। তিনি আরও বলেন বাল্যবিবাহরোধে প্রশাসনের তৎপরতার পাশাপাশি স্কুল ও অন্যান্য শিক্ষা প্রতিষ্টানে সচেতনতামূলক সভা, উঠান বৈঠক, মসজিদের খুতবায় প্রচার-প্রচারনা, গ্রাম আদালত ও লিগ্যাল এইড কমিটি এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম বৃদ্ধি করতে সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।<br>ইউপি চেয়ারম্যানগণ বলেন, বাল্য বিবাহের ধরন পাল্টে গেছে। কোথায় কি ভাবে বাল্যবিবাহ হয় কেহই জানেনা। বিবাহর ৬ মাস / ১ বছর পর বিবাহ অনুষ্ঠান হয়। | ১। কোথাও বাল্যবিবাহের আয়োজন করা হলে দ্রুত অবহিত করতে ইউপি চেয়ারম্যানসহ সকলেই পদক্ষেপ নিবেন।<br><br>২। বাল্যবিবাহরোধে সকল শিক্ষা প্রতিষ্টানে নিয়মিত সচেতনতামূলক সভা, উঠান বৈঠক করতে হবে। | ১।উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ।<br><br>২।অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা<br><br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), সুন্দরগঞ্জ।<br><br>৪। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| বিবিধ আলোচনা | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জানান দ্বাদশ জাতীয় সংসদ নিবাচনে নিয়োজিত আনসার সদস্যরা নিষ্টার সাথে দায়িত্ব পালন করেছেন। দ্রুত তাদের ভাতা এবং যাতায়াত ভাতা প্রদান করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, গ্রহনযোগ্য, তথ্য নির্ভর, সুন্দর- সুষ্ঠ ও শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। এজন্য তিনি সকলকে ধন্যবাদ জানান।<br>তিনি বলেন, এ উপজেলায় যেখানে সেখানে মাটি কাটা হচ্ছে তবে মাটি কাটা নিয়ন্ত্রনের মধ্যে রাখতে হবে । মাটি কাটা বন্দ করা যাবে না এতে উন্নয়ন ব্যহত হবে বলে মত প্রকাশ করেন। তিনি বলেন এ উপজেলায় বালু মহাল না থাকায় যেখানে সেখান হতে বালু উত্তোলন করা হচ্ছে । এটা জুরুরী ভিত্তিতে বন্ধ করার জন্য প্রশাসনের সহযোগিতা কামনা করেন।<br>সভাপতি বলেন, এবারে আমরা একটা পক্ষপাতহীন নির্বাচন উপহার দিয়েছি। নির্বাচন, গ্রহনযোগ্য, তথ্য নির্ভর, সুন্দর- সুষ্ঠ ও শান্তিপূণ হওয়ায় নির্বাচনকালীন নিয়োজিত সকল বাহিনীকে ধন্যবাদ জানান। তিনি নির্বাচন পরবর্তী সময়ে উপজেলার আইন-শৃঙ্খলা বাজায় রাখার স্বার্থে সবার সহযোগিতা কামনা করেন। তিনি বলেন দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টির উদ্দেশে কেউ কাউকে কুটক্তি করলে, ডকুমেন্টসহ অভিযোগ পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>সভাপতি বলেন, ধর্মীয় সভা সত্য ও সন্দরের কথা বলে। এটি সত্য ও সুন্দরের প্রতিক। তবে ধর্মীয় সভার মাধ্যমে কোন মানুষের মনে আগাত করা যাবে না এবং যাথে কোন রাজনৈতিক প্রতিহিংসা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সর্বদা সর্তক থাকতে হবে। তিনি সর্বোপরি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ১। যেখানে সেখানে মাটি কাটা নিয়ন্ত্রনে অভিযান অব্যাহত থাকবে।<br>২। উপজেলার কোথাও বালু উত্তোলন করলে দ্রুত মোবাইল কোর্ট পরিচালনা করে বালু উত্তোলন বন্ধ করতে হবে।<br>৩। নির্বাচন পরবর্তী আইন-শৃঙ্খলা বাজায় রাখার স্বার্থে বিভিন্ন অপরাধপ্রবণ ও জনগুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ<br><br>২। অফিসার (সকল) অফিস, সুন্দরগঞ্জ,গাইবান্ধা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/০১/২৪

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০১.১৫৭৫(৫০)

তারিখ ঃ ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। পুলিশ সুপার গাইবান্ধা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।।
৪। মেয়ের, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
৫। উপজেলা.................................................................. অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৬। চেয়ারম্যান,............................................................. ইউপি (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৮। জনাব/ জনাবা........................................................... সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১১/০১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র/নং | নাম/পদবী | প্রতিনিধি | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১। | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ২। | উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৩। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৪। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৫। | ডি,জি, এম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৬। | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৭। | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৮। | চেয়ারম্যান, তারাপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ৯। | চেয়ারম্যান, বেলকা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১০। | চেয়ারম্যান, শান্তিরাম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১১। | চেয়ারম্যান, ধোপাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১২। | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৩। | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৪। | সভাপতি, দূর্নীতি প্রতিরোধ কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৫। | সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৬। | আহবায়ক, উপজেলা পূজা উদযাপন কমিটি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ১৭। | ইনচার্জ, ফায়ার সার্ভিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। | | ,, |
| ১৮। | সভাপতি, প্রেসক্লাব সুন্দরগঞ্জ, গাইবান্ধা। | | ,, |
| ১৯। | চেয়ারম্যান, সর্বানন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ২০। | প্রধান শিক্ষক, সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ২১। | চেয়ারম্যান, কঞ্চিবাড়ী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | ,, |
| ২৩ | চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ২৪ | সভাপতি, সুন্দরগঞ্জ প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'খ'

| ক্র/নং | নাম/পদবী |
|---|---|
| ১। | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ২। | উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৩। | অধ্যক্ষ, সুন্দরগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৪। | অধ্যক্ষ, সুন্দরগঞ্জ ডি ডব্লিউ ডিগ্রি সরকারি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৫। | প্রধান শিক্ষক, আমিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৬। | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৭। | চেয়ারম্যান, সোনারায় ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৮। | চেয়ারম্যান, দহবন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ৯। | চেয়ারম্যান, ছাপড়হাটী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১০। | চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১১। | চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১২। | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১৩। | সমন্বয়ক, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |

স্বাক্ষরিত
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২